

সব শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য ‘অতীব জরুরি’ নির্দেশনা মাউশির

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি

সব শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য নির্দেশনা দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা

অধিদপ্তর। শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানের কাছে মাদকবিরোধী
ডকুমেন্টারি এবং মাদকবিরোধী থিম সং প্রদর্শনের প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত তথ্য চাওয়া হয়েছে। বিষয়টি অতীব জরুরি
বলে উল্লেখ করেছে মাউশি।

আজ সোমবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মনিটরিং অ্যান্ড

ইভ্যালুয়েশন উইংয়ের পরিচালক কাজী মো. আবু কাইয়ুম
স্বাক্ষরিত এক [বিজ্ঞপ্তি](#)তে এ নির্দেশনা জারি করা হয়েছে।

এতে বলা হয়েছে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা
মন্ত্রণালয়ের আইন-শৃঙ্খলাসংক্রান্ত উপদেষ্টা কমিটির সপ্তম সভার
সিদ্ধান্ত অনুযায়ী, মাদকের কুফলসংক্রান্ত প্রচার-প্রচারণা বৃদ্ধি
এবং মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্য

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নির্মিত মাদকবিরোধী

ডকুমেন্টারি এবং মাদকবিরোধী থিম সং প্রদর্শনের প্রয়োজনীয়

ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত তথ্য প্রেরণ সংযুক্ত গুগল ডক লিংকে

আগামী বুধবারের (২৩ জুলাই) মধ্যে পাঠানো প্রয়োজন।

সব শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান বা অধ্যক্ষ বর্ণিত তথ্যাদি সংযুক্ত গুগল

ডক লিংকে আগামী বুধবারের মধ্যে পাঠানোর অনুরোধ করা

হলো।